

## ড. আবু হোসেন সিদ্দিক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডিসি

নিম্ন বার্তা পরিবেশক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম ডিসি প্রফেসর ড. নিরাজুল ইসলাম খান গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে বিদায় নিয়েছেন। এদিকে, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. আবু হোসেন সিদ্দিক গতকালই ভারপ্রাপ্ত ডিসি হিসেবে দায়িত্ব নিয়েছেন।

বিদায়ী ডিসি প্রফেসর ড. নিরাজুল ইসলাম খান এক সিথিত বক্তব্যে জানান, ডিসি হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি গবেষণা কর্ম পরিচালনা ও পিএইচডি গবেষণারত শিক্ষার্থীদের তত্ত্বাবধায়ক হিসেবে কাজ করা অসম্ভব হয়ে পড়ায় তিনি পদত্যাগের সিদ্ধান্ত নেন।

উল্লেখ্য, প্রফেসর ড. নিরাজুল ইসলাম খান তার মেয়াদ শেষ হওয়ার প্রায় দেড় বছর আগে স্বস্তিগত কারণ দেখিয়ে সরকারের কাছে পদত্যাগপত্র জমা দেন। গত মঙ্গলবার তার পদত্যাগপত্রটি গৃহীত হয়ে ফ্যাক্সবোধ্যে বিশ্ববিদ্যালয় নগরে আসলে গতকাল তিনি বিদায় নেন।